

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৪। হরি-গুণ কে বলে ভাল, ঘুণেতনু জ্বারিল,  
ঘরের বাহিরে ক'রে আমায় পাগল করিল।  
যেন হই ছতাস বাতুলের মত,  
আমার কাঁদাতে কাঁদাতে জনম গেল ॥ (ভাগ্য এই কি ছিল)
- ৫। পাগল মহানন্দ কয়, সে ঘুণ লেগেছে যায় দায়।  
প্রাণ ল'য়ে তার টানাটানি, হারে গৃহে থাকা গায়।  
গৌসাই তারক বলে এই কপালে, অশ্বিনী তোর কই ঘাটিল  
(হারে কই তা হ'ল)

### ৩৬ নং তাল-গড়খেমটা

- দেখে মতুয়ার খেলা, এবার দেখে মতুয়ার খেলা।  
দক্ষিণ দ্বারে দিয়ে তালা যম হয়েছে হরিবোলা ॥
- ১। কেঁদে বলে চিত্রগুপ্ত, আজ হইতে ঘুচল জ্বালা।  
ওরে পাপ পুণ্য হ'ল শূন্য, হরি বলে সার করিব বৃক্ষতলা ॥
- ২। কেঁদে বলে শমন দুর্তে হাতের দণ্ড ভূমে ফেলা।  
ল'য়ে গলায় বসন, লইগে শরণ মতুয়ারা দয়ার সাগর  
হৃদয় খোলা ॥
- ৩। পূজক ধ্যানী কন্মী জ্ঞানী বাহিরে জপে তিলক মালা।  
দেখে মতুয়ার ধারা, ডুবল তারা আজ হ'তে  
তন্ত্রমন্ত্র ঠেলেফেলা ॥
- ৪। কাজের মতুয়া গোলোকচন্দ্র, সিংহের ধ্বনি জিনিয়া গলা।  
ও তার ধ্বনি শুনে বিপদগণে, ত্বরাসে কামকলি কয় পলাপলা ॥
- ৫। কাম কলির প্রতিজ্ঞা ছিল গৌর প্রেমে দিবে ধূলা।  
এবার ঘাটে মাঠে বার উঠা'য়ে শেষে মিলাইবে কলির মেলা ॥
- ৬। ও তার, সাক্ষাৎ প্রমাণ চাঁদার দহ জানে যত মেয়ে পোলা।  
কত মারামারি ব্যভিচারী, তেমনি বার সড়া হিজল খেজুর তলা ॥